

ঝালকাঠিতে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ শুরু  
ঝালকাঠি থেকে সাখাওয়াত হোসেন শাওন : আজ ঝালকাঠিতে ৪ দিন ব্যাপী উপজেলা ও ইউনিয়ন  
পর্যায়ের ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ শুরু হয়েছে। ঝালকাঠি সদর উপজেলার মোছাঁ জনকে  
নিয়ে এই প্রশিক্ষণ শুরু হয়েছে। সকাল ৮.৩০ মিনিটের সময় ঝালকাঠির সরকারী কলেজের  
কম্পিউটার ল্যাবে এই প্রশিক্ষণ শুরু হয়। আজ সকাল ৮.৩০ মিনিটের সময় ঝালকাঠি জেলার জেলা  
প্রশাসক জনাব, অশোক কুমার বিশ্বাস এর শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন প্রশিক্ষণ কোর্চ পরিচালক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব,  
মুহাম্মদ আবদুর রউফ মিয়া, কোর্স সমন্বয়ক ও সহকারী কমিশনার (ভূমি) জনাব, মো: রেজাউল  
কমির, প্রশিক্ষণ প্রশিক্ষক ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব, মুহাম্মদ জাকির হোসেন সহ  
অন্যান্য কর্মকর্তারা। এ প্রশিক্ষণের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রকল্পনা  
বাস্তবায়নে ঝালকাঠি জেলা আরও একধাপ সামনের দিকে এগিয়ে যেতে সহায়ক হবে। একই সাথে  
ওয়েব পোর্টালের মাধ্যমে ঝালকাঠির অতীত, বর্তমান ও ভবিষ্যত সম্পর্কে নতুন রূপে বিশ্বের কাছে  
পরিচিতি লাভ করবে। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশকে সামনের দিকে  
এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বর্তমান সরকারের প্রধান মন্ত্রী কার্যালয়ের অধীন একসেস টু  
ইনফরমেশন প্রকল্প (এটুআই প্রজেক্ট) নিরালশ ভাবে কাজ করে যাওয়ার অংশ হিসেবে এ প্রশিক্ষণ  
পরিচালিত হচ্ছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে। প্রশিক্ষণে ইউনিয়ন পর্যায় অংশ গ্রহন  
করেন, গাভারামচন্দ্রপুর ইউনিয়নের উদ্যোক্তা মোসা: মারুফা, বিনয়কাঠি ইউনিয়নের উদ্যোক্তা মো:  
মিজানুর রহমান, নবগ্রাম ইউনিয়নের উদ্যোক্তা প্রতুল হালদার, কেওড়া ইউনিয়নের ইউপি সচিব,  
মো: বশির আহম্মেদ, কীর্তিপাশা ইউনিয়নের উদ্যোক্তা সমীরন রায়, বাসন্ডা ইউনিয়নের সেন্টার  
পরিচালক মো: সাখাওয়াত হোসেন (শাওন), পোনাবালিয়া ইউনিয়নের উদ্যোক্তা ফারাজানা ববি  
নাদিরা, গাবখান ধানসিড়ি ইউনিয়নের উদ্যোক্তা মো: মারুফ হোসেন ও শেখের হাট ইউনিয়নের  
উদ্যোক্তা মো: জাফরান খান। এছাড়াও উপজেলা পর্যায়ের ১০ দপ্তরের ১০ জন্য প্রতিনিধি অংশ  
গ্রহন করেন।